

া নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশঃ (১১৬) হাদীছে বর্ণিত হাশরের মাঠে অবস্থানের কিছু দৃশ্য বর্ণনা করুন

উত্তরঃ হাশরের মাঠে অবস্থানের ব্যাপারে অনেক হাদীছ বর্ণিত হয়েছে। আব্দুল্লাহ্ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর নিম্নবাণীর ব্যাখ্যা করতে গিয়ে বলেনঃ

"যেদিন মানুষ বিশ্বজাহানের প্রতিপালকের সামনে দাঁড়াবে" অবস্থা এরকম হবে যে, তাদের কেউ ঘামের মধ্যে কান পর্যন্ত ডুবে যাবে"।[1] আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

"কিয়ামতের দিন মানুষ ঘামের মধ্যে ডুবে যাবে। এমন কি তাদের শরীরে ঘাম সত্তর গজ পর্যন্ত পৌঁছে যাবে। উপরের দিকে মুখ থেকে কান পর্যন্ত পৌঁছে যাবে"।[2] সহীহ বুখারী ও মুসলিম শরীফে এ ধরণের আরো অনেক হাদীছ রয়েছে।

ফুটনোট

- [1] বুখারী, অধ্যায়ঃ কিতাবুত্ তাফসীর।
- [2] বুখারী, অধ্যায়ঃ কিতাবুর রিকাক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11930

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন